

মেঘের নেশা

হাতের ভেতর ঘুড়ির কাগজ
এমন করে বাসলে ভালো
আমি কি ছাই ওদের মতো
আর একখানা অশ্রু জ্বালো।

নখের ফাঁকে মেঘ জমেছে
জেলির মতো থকথকানি
ঝিলকুমারী, ঝিলকুমারী
দুয়ার ভেজাও রাত্রি হলো।

রোমের ভেতর জাগছে নেশা
একচিলতে আঁচের মতো

শুকনো জিভে ফুটছে কাঁটা
পাক খুলে দাও বর্ণা কালো
আমি কি ছাই ওদের মতো
আর একখানা অশ্রু জ্বালো।

অতনু চট্টোপাধ্যায়

